মাসব্যাপী লোককারুশিল্পমেলা ও লোকজ উৎসব ২০১৯
শুভ উদ্বোধন: ১ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ, ১৪ জানুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ
স্থান: বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন প্রাঙ্গণ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

# বিজ্ঞপ্তি

**উৎসব ও মেলায় থাকবে:**

- বাংলাদেশের বিভিন্ন অঞ্চলের নানাবিধ কারুশিল্প পণ্যসামগ্রী বিক্রয়ের স্টল।
- আমাদের অতীত গৌরবের কথা স্মরণের মাধ্যমে নতুন প্রজন্মকে উদ্বুদ্ধ করতে ঐতিহ্যবাহী কাঠের কারুশিল্পের উপর বিশেষ প্রদর্শনীর আয়োজন।
- কর্মরত কারুশিল্পী কর্মসূচিতে দেশের প্রত্যন্ত অঞ্চলের কারুশিল্প তৈরি, প্রদর্শন ও বিক্রয়ের ব্যবস্থা।
- বিলুপ্তপ্রায় গ্রামীণ খেলাধুলা, লোকজীবন প্রদর্শনী, পুতুলনাচ, নাগরদোলা, সঙসাজা ইত্যাদি।
- সাংস্কৃতিক অনুষ্ঠানে থাকবে- পালাগান, বাউল, গম্ভীরা, জারি-সারি, হাসন রাজার গান, লালনগীতি, শরিয়তি-মারফতি, মুর্শিদী গান, হামদ, নাত, ইসলামী গান, গায়ে হলুদের গান, মাইজভাণ্ডারী, ভাওয়াইয়া-ভাটিয়ালী গান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক অনুষ্ঠান, গল্প বলা, পুঁথিপাঠ, লোক কবিতা পাঠের আসর, কবিগানের আসর, মোরগের লড়াই, পুতুলনাচ,বায়স্কোপ,যাত্রাপালা, ঘুড়ি উড়ানো, লাঠিখেলা, বানরনাচ ইত্যাদি।

উল্লিখিত অনুষ্ঠানমালায় অংশগ্রহণে ইচ্ছুক সাংস্কৃতিক দল, প্রতিষ্ঠান, স্কুল/কলেজ এবং লোকশিল্পী ও কারুশিল্পীগণকে আগামী ২৬/১২/১৮ তারিখের মধ্যে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

## স্টল গ্রহীতাদের ক্ষেত্রে তথ্যাদি:

আগ্রহী স্টল গ্রহীতাগণ http://folkfair.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে| আবেদনের সময়সীমা নিম্নরূপ:

ক. Online-এ আবেদনপত্র পূরণ ও ফি জমা প্রদান শুরুর তারিখ ও সময়: ১৮/১১/২০১৮ খ্রিঃ , সকাল- ১০:০০ টা।

খ. Online-এ আবেদনপত্র জমা প্রদানের শেষ তারিখ ও সময়: ২৬/১২/২০১৮ খ্রিঃ , বিকাল- ০৫:০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে Serial ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ স্টলের আবেদন ফি জমা দিতে পারবেন|

আবেদন করার প্রক্রিয়া:- http://folkfair.teletalk.com.bd ওয়েবসাইট ঠিকানায় প্রবেশ করে Application Form অপশনে গিয়ে কাঙ্খিত তথ্যানুযায়ী নির্দিষ্ট ফরম পূরণ করে Submit করতে হবে।

Submit করার পর স্টল গ্রহীতার দেয়া তথ্য অনুযায়ী Applicants Preview আসবে যা প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। অনলাইনে পূরণকৃত ফরম সিরিয়াল যুক্ত আবেদন ফরমটি স্টল গহীতার রিসিট নম্বর হিসেবে গণ্য হবে।

উক্ত ফরম **সিরিয়াল** দিয়ে ১ম পর্বের লটারী অনুষ্ঠিত হবে। আবেদন ফরমে একটি ফরম সিরিয়াল নম্বর দেয়া থাকবে এবং ফরম সিরিয়াল নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) ধাপে SMS করে আবেদন ফি বাবদ ফরম ফি (১০০/-) + সার্ভিস চার্জ (১৫/-)= সর্বমোট ১১৫/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

"এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদনের ফি জমা না দেয়া পর্যন্ত অনলাইন আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। মোট ৫টি গ্রুপে- (ক),(খ),(গ),(ঘ) ও (ঙ) তে স্টলসমূহ বিভক্ত করা হয়েছে। গ্রুপ ক-হস্তশিল্প(Handy Crafts), খ-পোষাক(Clothing), গ-স্টেশনারি(Stationary), ঘ-খাবার(Food & Beverage), ঙ-মিষ্টি(Sweets)।স্টল গ্রহীতা শুধুমাত্র একটি ক্যাটাগরির ষ্টলের জন্য আবেদন করতে পারবেন। একই জাতীয় পরিচয়পত্র নাম্বার দিয়ে দুই বা ততোধিক ক্যাটাগরির স্টলের জন্য আবেদন করলে প্রথম আবেদনটি ব্যতীত বাকি আবেদন বাতিল বলে গণ্য হবে। অনলাইন ব্যতীত সরাসরি কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

উদাহরণ:-

**1st - SMS Format**: FOLK <space> <Form Serial> and send SMS to **16222**
[Example : FOLK 123456]. 1st-SMS Reply: Returns a PIN (8 Digits) like 23423495
**2nd - SMS Format**: FOLK <space> <YES> <space> <PIN> and send SMS to **16222**
[Example : FOLK YES 23423495]. 2nd-SMS Reply: Returns a FORM SERIAL & PASSWORD

১. **অনলাইনে স্টলের আবেদন করার ক্ষেত্রে ফাউন্ডেশনে হেল্পডেস্ক থাকবে। আবেদনকারীগণ ফাউন্ডেশনে এসে হেল্পডেস্ক থেকে সহযোগিতা নিয়ে আবেদন করতে পারবেন।**

২. গ্রুপ অনুযায়ী স্টলের সংখ্যা নির্ধারিত থাকবে। প্রাথমিকভাবে আবেদনকারীদের মধ্য থেকে প্রতি গ্রুপে নির্ধারিত সংখ্যক স্টলের ক্ষেত্রে সমান সংখ্যক আবেদনকারীকে **১ম** পর্বে লটারির মাধ্যমে বাছাই করা হবে। লটারির তারিখ পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

৩. **১ম** পর্বের লটারির পর বাছাইকৃত আবেদনকারীগণের নিকট থেকে **৩১/১২/২০১৮** তারিখ হতে **০৬/০১/২০১৯** তারিখ পর্যন্ত (অফিস সময়ের মধ্যে) স্টল বরাদ্দের নির্ধারিত ফি বাবদ **১৫,০০০.০০**(পনের হাজার) টাকা গ্রহণ করা হবে।

৪. স্টলের ফি জমা প্রদানের পর স্টলের ক্রমিক নম্বর **২য়** পর্বে লটারির মাধ্যমে নির্ধারণ করা হবে এবং **২য়** পর্বের লটারির তারিখ আগামী **০৬/০১/২০১৯** তারিখের মধ্যে যে কোন সময় জানিয়ে দেয়া হবে।

৫. নির্ধারিত ক্রমিক নম্বর অনুযায়ী কেবলমাত্র অনলাইনে আবেদনকারীকেই (আবেদনপত্রে সংযুক্ত জাতীয় পরিচয় পত্রের ছবির ব্যক্তিকে) স্টলের বরাদ্দ প্রদান করা হবে।

৬. স্টল গ্রহণের নিমিত্ত দাখিলকৃত আবেদনে উল্লিখিত গ্রুপ অনুযায়ী স্টল নম্বর মেনে নিতে হবে। কোনক্রমেই নিজ উদ্যোগে স্টলের স্থানের নম্বর পরিবর্তন করা যাবে না।

৭. প্রতিটি স্টলের পরিমাপ ৮ফুট চওড়া (সামনের ভাগ)×১২ফুট(পিছনের দিকে লম্বা)×৮ফুট উচ্চতা অনুযায়ী স্টল হবে। একসংগে সংযুক্ত দু'সারির স্টলগুলোর ক্ষেত্রে স্টলের সামনের দিকের উচ্চতা হবে ৯ ফুট এবং পিছনের উচ্চতা হবে ৮ ফুট। ফাউন্ডেশনের পক্ষ থেকে নির্ধারিত পরিমাপে স্টল নির্মাণ করে দেয়া হবে।

৮. স্টলের বরাদ্দ প্রদান,পরিবর্তন এবং বাতিলের সর্বময় ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে।

## স্পন্সর আহবান:

মেলার সাজসজ্জা ও উৎসবের বিভিন্ন অনুষ্ঠানাদি স্পন্সরে আগ্রহী সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আবেদন/প্রস্তাব ফাউন্ডেশন কর্তৃপক্ষের নিকট পেশ করতে পারবেন। আগামী ২০/১২/১৮ তারিখের মধ্যে আগ্রহ ব্যক্ত করে প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আসন্ন মাসব্যাপী লোকজ উৎসব ২০১৯-এর বিভিন্ন অনুষ্ঠানাদি/কর্মসূচির বিষয়ে তথ্যাদি জানতে আগ্রহী ব্যক্তি, প্রতিষ্ঠান, কারুশিল্পী, লোক সঙ্গীতশিল্পী এবং সংশ্লিষ্টদের ফাউন্ডেশন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছে (ই-মেইল: director.s.museum@gmail.com)। মাসব্যাপী লোককারুশিল্পমেলা ও লোকজ উৎসব ২০১৯-এ আপনারা সবাই আমন্ত্রিত।

বাঙালি সাংস্কৃতিক ঐতিহ্য হৃদয়ে ধারণ করে এগিয়ে যাবে আগামি প্রজন্ম।গড়ে তুলবে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাঙলা।

(রবীন্দ্র গোপ)
পরিচালক
বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়